গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

নং-৫৪.০১.০০০০.০১৩.২২.০১৫.২২ - ২৬৪ তারিখ: ১১.০৫.২০২৩

**বিষয়: বাংলাদেশ রেলওয়ের মাঠ পর্যায়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ (জনবল নিয়োগ)।**

সূত্র:
(১) অর্থ বিভাগ, বাজেট-১৭ অধিশাখারস্মারক নং-০৭.০০.০০০০.১১৭.২০.১৬৫.২১ (অংশ-১)-৪৩; তারিখ-১৯.০৩.২০২৩ইং।
(২) অর্থ বিভাগ, বাজেট-১৭ অধিশাখারস্মারক নং-০৭.০০.০০০০.১১৭.২০.১৬৫.২১ (অংশ-১)-১৯৬; তারিখ-০২.১০.২০২২ইং।
(৩) অর্থ বিভাগ, ব্যয় ববস্থাপনা-৩ শাখার স্মারক নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১২.০১; তারিখ-০১.০১.২০১৯ইং। **(আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮)**
(৪) অর্থ বিভাগ, ব্যয় ববস্থাপনা-৩ শাখার পরিপত্র নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯.২৫৯; তারিখ-১০.০৬.২০১৯ইং। **(রাজস্ব/অনুন্নয়ন খাতের সেবামূল্য)**
(৫) অর্থ বিভাগ, বাজেট-১৭ অধিশাখারপরিপত্র নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০; তারিখ-১৮.১২.২০১৯ইং। **(উন্নয়ন প্রকল্পের জন্য সেবামূল্য)**
(৬) পাবলিক প্রক্রিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা, ২০০৮।
(৭) CPTU কর্তৃক জারিকৃত আদর্শ দরপত্র দলিল- PSN (https://cptu.gov.bd/standard-documents/standard-request-for-proposal.html)
(৮) CPTU কর্তৃক জারিকৃত পরিপত্র নং-২১.০০.০০০০.৩৬৩.৩৩.৯৯২.১৮-১৪৩; তারিখ-১৭.০৭.২০১৯ইং।
(৯) কল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বিজ্ঞপ্তি নং-৪০.০১.০০০০.১০২.৩৩.০০১.১৬.২১৩৬; তারিখ-১২.০৯.২০২২ইং। **(বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩ক এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধি বাস্তবায়ন)**
(১০) অর্থ মন্ত্রণালয় কর্তৃক উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটর (প্রযোজ্য ক্ষেত্রে) জন্য জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ-২০১৫ (সর্বশেষ সংশোধনীসহ)।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ২নং পত্রের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের আওতাধীন বিভিন্ন বিভাগের শ্রমিক (অনিয়মিত) মজুরি খাতে বাজেট পুন:উপযোজনের সময় **আগামী ০১.০১.২০২৩ তারিখ থেকে আউটসোর্সিংখাত হতে অর্থ ব্যয় করতে হবে** মর্মে শর্ত প্রদান করা হয় এবং সূত্রস্থ ১নং পত্রের মাধ্যমে **০১.০৪.২০২৩ তারিখ** হতে উক্ত শর্ত পরিপালনের বিষয়টি পুন:ব্যক্ত করা হয়। তবে আগামী ০১.০৭.২০২৩ তারিখ হতে আর কোনোক্রমেই শ্রমিক (অনিয়মিত) মজুরি খাতে বাজেট বরাদ্দ পাওয়ার সম্ভাবনা নাই বলে প্রতীয়মান হয়। সে আলোকে মাঠ পর্যায়ের অফিসসমূহের আউটসোর্সিং প্রক্রিয়াকরণের সুবিধার্থে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারেঃ

ক। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এবং পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ এবং প্রয়োজনীয় সংখ্যক জনবলের (সম্ভাব্য) অনুমোদন/সম্মতি সাপেক্ষে দ্রুততার সাথে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন/হালনাগাদকরণ;

খ। পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণে ৩ (তিন) সদস্যবিশিষ্ট কমিটি কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকরণ;

গ। সম্ভাব্য ব্যয় প্রাক্কলনে অর্থবিভাগ কর্তৃক জারিকৃত প্রযোজ্য ক্ষেত্রে, রাজস্বের জন্য সূত্র-৪ এবং উন্নয়নের জন্য সূত্র-৫ বর্ণিত পরিপত্র ব্যবহার এবং CPTU কর্তৃক জারিকৃত পরিপত্র মোতাবেক ন্যূনতম ৫% হারে কমিশন নির্ধারণ (সূত্র-৮);

ঘ। দরপত্র প্রক্রিয়াকরণে CPTU কর্তৃক জারিকৃত আদর্শ দরপত্র দলিল (PSN) ব্যবহার এবং আর্দশ দরপত্র দলিলের (PSN) শর্ত (ITT Clause-37.2) মোতাবেক একধাপ দুই খাম পদ্ধতির (One Stage Two Envelope) অনুরূপ দরপত্র প্রক্রিয়াকরণ;

(অ:পৃ:দ্র:)

E:\GO Govt\Outsourcing\আউটসোর্সিং নির্দেশনা.docx

ঙ। দরদাতাদের নিকটহতে প্রয়োজনীয় রেজিস্ট্রেশন সনদ, ভ্যাট সনদ, আয়কর সনদ এবংকল কলকারখানা ও প্রতিষ্ঠানের হালনাগাদ সনদ ইত্যাদি চাওয়া;

চ। আউটসোর্সিং এর মাধমে জনবল নিয়োগের ক্ষেত্রে প্রস্তাবিত জনবলের জাতীয়তা ও বয়সের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্র চাওয়া;

ছ। দরপত্র দলিল প্রণয়নে কারিগরি নম্বর বিভাজনে অদক্ষ শ্রমিকের (ক্যাটাগরি-৫ এর অনুরূপ) ক্ষেত্রে ন্যূনতম (শিক্ষাগত/অভিজ্ঞতা) যোগ্যতায় পাশ নম্বর প্রদান করা যেতে পারে;

জ। অন্যান্য ক্ষেত্রে ক্রয়কারীর বিবেচনায় প্রয়োজনীয় সনদ ও অভিজ্ঞতার জন্য কারিগরি নম্বর প্রদানের সুযোগ রাখা যেতে পারে;

ঝ। সর্বনিম্ন দরদাতাদের উদ্ধৃত দর সমান হওয়ার ক্ষেত্রে আর্দশ দরপত্র দলিলের (PSN) শর্ত (ITT Clause-44) মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ; এবং

ঞ। সর্বশেষ আর্থিক ক্ষমতা অর্পন আদেশ-২০১৫ (প্রযোজ্যক্ষেত্রে) ক্রমিক ৪(ঘ)-কে (অনুন্নয়ন/রাজস্ব বাজেট) সমধর্মী বিবেচনা আউটসোর্সিংএর জন্য ব্যবহার করা যেতে পারে।

২। উল্লেখ্য যে, আউটসোর্সিং সংক্রান্ত প্রয়োজনীয় সংখ্যক জনবলের অনুমোদন কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে; যা দরপত্র চূড়ান্তকরণের পূর্বে কম/বেশি হতে পারে। চূড়ান্ত জনবলের সংখ্যা কম/বেশি হতে পারে মর্মে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখপূর্বক দরপত্র প্রক্রিয়াকরণ/বিজ্ঞপ্তি প্রদানের নিমিত্ত মাধ্যমে সংশ্লিষ্ট সকল ক্রয়কারী ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। বর্ণিতাবস্থায়, আগামী ০১.০৭.২০২৩ তারিখ হতে আউটসোর্সিং-এর মাধ্যমে জনবল নিয়োগের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া উপর্যুক্ত বিষয়ে সরকার অন্যকোন নির্দেশনা/নীতিমালা/পরিপত্র জারি করলে তা প্রয়োগযোগ্য হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১১/০৫/২০২৩

(মোঃ হাসিবুল মাহমুদ)
পরিচালক (সংগ্রহ)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতি. মহাপরিচালক (আই/আরএস/উন্নয়ন/অর্থ/এমএন্ডসিপি/অপা.), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।
৪। ব্যবস্থাপনা পরিচালক/রেলওয়ে কর্মচারী কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ রেলওয়ে, ফুলবাড়িয়া, ঢাকা।
৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।(সকল প্রকল্প পরিচালককে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)
৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।(বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১১/০৫/২০২৩

(মোঃ হাসিবুল মাহমুদ)
পরিচালক (সংগ্রহ)

E:\GO Govt\Outsourcing\আউটসোর্সিং নির্দেশনা.docx